

শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২০ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে নাটোর জেলায় কর্মসূচি প্রণয়নের জন্য অনুষ্ঠিত সভার
কার্যবিবরণী:

সভাপতি: মোঃ শাহরিয়াজ পিএএ, জেলা প্রশাসক, নাটোর।

স্থান : জেলা প্রশাসক, নাটোর এর সম্মেলন কক্ষ

তারিখ : ০১ ডিসেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

সময় : দুপুর ১১.০০ মি:

উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট “ক”


সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি তাঁর স্বাগত বক্তব্যে দেশের শহিদ বুদ্ধিজীবীদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে বলেন, ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস বাঙালি জাতির ইতিহাসে একটি বেদনাদায়ক দিন। ১৪ ডিসেম্বরের হত্যাকাণ্ড ছিল পৃথিবীর ইতিহাসে জঘন্যতম এক বর্বর ঘটনা, যা বিশ্বব্যাপী শান্তিকামী মানুষকে স্তম্ভিত করেছিল। মহান মুক্তিযুদ্ধের বিজয় যখন নিশ্চিত, ঠিক তখনই পাকিস্তানী হানাদার বাহিনী ও তাদের দোসররা জাতির শ্রেষ্ঠ সন্তান বরেণ্য শিক্ষাবিদ, গবেষক, চিকিৎসক, প্রকৌশলী, সাংবাদিক, কবি ও সাহিত্যিকদের রাতের আঁধারে নির্মমভাবে হত্যা করে। এসব শহিদের আল্পত্যাগের কথা স্মরণে রেখে দিবসটি অত্যন্ত গুরুত্ব ও ভাবগাম্ভীর্যের সাথে পালনের উদ্দেশ্যে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। আগামী ১৪ ডিসেম্বর ২০২০ তারিখে শহিদ বুদ্ধিজীবী দিবস যথাযোগ্য মর্যাদায় সুষ্ঠু, সুন্দরভাবে নাটোর জেলায় উদযাপনের উদ্দেশ্যে কর্মসূচি প্রণয়নের লক্ষ্যে উপস্থিত সকলকে সভাপতি মূল্যবান মতামত ও পরামর্শ প্রদানের আহ্বান জানান। নাটোর জেলায় শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২০ উদযাপনের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ কর্মসূচি ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

কর্মসূচিসমূহঃ

তারিখ ও সময়	কর্মসূচি	স্থান	বাস্তবায়নে
১৪/১২/২০২০ খ্রিঃ সকাল ১১.০০ টা	শহিদ বুদ্ধিজীবী দিবসের তাৎপর্য তুলে ধরে বিশেষ আলোচনা সভা	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ	জেলা প্রশাসন, নাটোর

সার্বিক আলোচনান্তে নাটোর জেলায় আগামী ১৪ ডিসেম্বর, ২০২০ তারিখে শহিদ বুদ্ধিজীবী দিবস আয়োজনের বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি, বীর মুক্তিযোদ্ধা, সাংস্কৃতিক ও ক্রীড়া ব্যক্তিত্ব, গণ্যমান্য ব্যক্তিবর্গ ও জেলা পর্যায়ের কর্মকর্তাদের অংশগ্রহণে আগামী ১৪ ডিসেম্বর, ২০২০ খ্রিঃ তারিখে উল্লিখিত আলোচনা সভা যথাযথভাবে সম্পন্ন করতে হবে।
- উপজেলা প্রশাসন জেলার অনুরূপ অনুষ্ঠানের আয়োজন করবেন।
- নেজারত ডেপুটি কালেক্টর, নাটোর শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে আমন্ত্রণপত্র পত্র প্রস্তুত ও বিতরণ করবেন।


০৬.১২.২০২০
(মোঃ শাহরিয়াজ পিএএ)
জেলা প্রশাসক
নাটোর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর।
(সাধারণ শাখা)
www.dcnatore.gov.bd

স্মারক সংখ্যাঃ ০৫.৪৩.৬৯০০.০০৬.২৩.০১৪.১৬- ০০০৪


তারিখঃ ২৯ অগ্রহায়ণ, ১৪২৭ বাংলা
০৬ ডিসেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ৩। পুলিশ সুপার, নাটোর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার নাটোর।
- ৫। জেলা অফিসার/কর্মকর্তা, নাটোর।
- ৬।


(সাইফ-উল-আরেফীন)
সহকারী কমিশনার
জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
টেলিফোন নম্বর: +৮৮০ ৭৭১৬২২৮৭